পরিশিষ্ট-১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-২ শাখা

নং সম(বিধি-২)-পদোন্নতি-৩১/০৭/-৮০

তারিখ : ০১/০৩/২০০৮ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয় : বিভাগীয়/ফৌজদারি মামলা চলাকালীন এবং বিভাগীয়/ফৌজদারি মামলায় শাস্তিপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীদেরকে পদোন্নতি প্রদান

বিভাগীয়/ফৌজদারি মামলা চলাকালীন এবং বিভাগীয়/ফৌজদারি মামলায় শাস্তিপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীদেরকে পদোন্নতি প্রদানসংক্রান্তে পূর্বে জারিকৃত সকল স্মারক, প্রজ্ঞাপন ইত্যাদি বাতিলপূর্বক নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলো :

(১) বিভাগীয় মামলায় অভিযোগনামা জারি অথবা দুর্নীতি দমন কমিশনের মামলার চার্জশিট দাখিল বা গ্রেফতার হলে অথবা ফৌজদারি মামলায় সরকারি মঞ্জুরি প্রদান করা হলে কোনো কর্মকর্তা/কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

(২) কোনো কর্মকর্তা/কর্মচারীর উপর লঘুদণ্ড আরোপ করা হলে তিনি তাঁর শাস্তি ভোগের মেয়াদ শেষে ১ (এক) বছর ও গুরুদণ্ড আরোপ করা হলে তিনি তাঁর শাস্তি ভোগের মেয়াদ শেষে ২ (দুই) বৎসরের জন্য পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। তবে কোনো দণ্ডের মেয়াদ সুনির্দিষ্ট করা থাকলে উক্ত মেয়াদ অতিবাহিত হওয়ার পর থেকে উপরিউক্ত সময়সীমা প্রযোজ্য হবে।

(৩) অভিযোগ হতে অব্যাহতি পেলে কিংবা মামলায় দোষী সাব্যস্ত না হলে তাঁর পদোন্নতির বিষয়টি বিবেচনা করা যেতে পারে এবং পদোন্নতির ক্ষেত্রে ধারণাগত জ্যেষ্ঠতা প্রাপ্য হবেন।

০২। এ পরিপত্র জারির তারিখ হতে কার্যকর হবে। যেসকল সার্ভিসের জন্য এ-সংক্রান্ত পৃথক নীতিমালা, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি রয়েছে, সেসকল সার্ভিসের জন্য এ পরিপত্রের বিধানাবলি প্রযোজ্য হবে না।

০৩। বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সঙ্গে পরামর্শক্রমে এ পরিপত্র জারি করা হলো।

স্বাক্ষরিত

রোকেয়া বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৭১৬২১৯৮



CamScanner